



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৫১২

তারিখঃ ৩০/০৯/২০১২ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৪৭ তম কমিশন সভা ৩০/০৯/২০১২ তারিখে কমিশনের সভা কক্ষে দুপুর ২ঃ৩০ টায় কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. সভায় সার্বিক পর্যালোচনা পূর্বক খসড়া Capital Market Master Plan অনুমোদিত হয়। ১০(দশ) বছর মেয়াদী এই পরিকল্পনা ২০২২ সালে সমাপ্ত হবে। এই Master Plan এর প্রধান বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ;

- কমিশনের সক্ষমতা, লোকবল বৃদ্ধি, কর্মকর্তা-কর্মচারীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি;
- সরকারী অনুমোদন ব্যতীত কমিশনের নিজস্ব অর্থে বাজেট প্রণয়নের ক্ষমতা;
- কমিশন ও অন্যান্য নিয়ন্ত্রক সংস্থার মধ্যে অধিকতর সমন্বয়;
- কমিশনের জন্য একটি অত্যাধুনিক সার্ভেল্যান্স সিস্টেম প্রতিষ্ঠা;
- আইপিও'র জন্য দীর্ঘমেয়াদী গাইডলাইন প্রণয়ন;
- পুঁজিবাজারের জন্য স্বতন্ত্র ক্যাপিটাল মার্কেট ট্রাইবুনাল প্রতিষ্ঠা;
- নিরীক্ষা ব্যবস্থা উন্নয়নের জন্য Financial Reporting Act প্রণয়ন;
- আর্থিক শিক্ষা (Financial Literacy) সংক্রান্ত জাতীয় নীতি প্রণয়ন;
- যথাসম্ভব বেশী সংখ্যক ক্ষুদ্র বিনিয়োগকারীদের প্রাতিষ্ঠানিক বিনিয়োগ কাঠামোর আওতায় আনা;
- স্টক এক্সচেঞ্জসমূহের ডিমিউচ্যুয়ালাইজেশন প্রক্রিয়া সম্পন্ন করা;
- ডেরিভেটিভ (Derivative) মার্কেট প্রতিষ্ঠা;
- স্বতন্ত্র ক্লিয়ারিং কর্পোরেশন প্রতিষ্ঠা;
- বন্ড মার্কেটের প্রসার ইত্যাদি।

২. সভায় পর্যায়ক্রমে স্টক এক্সচেঞ্জের সদস্যদের এবং মার্চেন্ট ব্যাংকের জন্য মার্জিন ঋণের অনুপাতের সর্বোচ্চ সীমা নিম্নরূপে পরিবর্তিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;

৩০ জুন ২০১৩ পর্যন্ত মার্জিন ঋণের অনুপাত বর্তমানের ন্যায় ১ঃ২ (এক অনুপাত দুই অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের দুই গুন) বহাল থাকবে;

০১ জুলাই ২০১৩ থেকে ৩১ ডিসেম্বর ২০১৩ মার্জিন ঋণের অনুপাত হবে ১ঃ১.৫ (এক অনুপাত দেড় অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের দেড় গুন);

০১ জানুয়ারী ২০১৪ থেকে ৩০ জুন ২০১৪ মার্জিন ঋণের অনুপাত হবে ১ঃ১ (এক অনুপাত এক অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের সমান) ; এবং

০১ জুলাই ২০১৪ থেকে মার্জিন ঋণের অনুপাত হবে ১ঃ০.৫(এক অনুপাত অর্ধেক অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের অর্ধেক)।



ফরহাদ আহমেদ  
নির্বাহী পরিচালক